



স্মারক নংঃ- স্বাঃ শিঃ অধিঃ/চিঃশিঃ/বে-সরকারী ভর্তি/এমবিবিএস/২০২০-২০২১/২৬২

তারিখ: ২৮-০৬-২০২১ খ্রিঃ

বরাবর

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা)

বিষয় : ২০২০-২০২১ শিক্ষা বর্ষে বেসরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির সময়সীমা বর্ধিত করণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষা বর্ষে বেসরকারী মেডিকেল কলেজ সমূহে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির পূর্ব নির্ধারিত সময়সীমা ০১-০৭-২০২১খ্রি: তারিখ থেকে ১৫-০৭-২০২১ খ্রি: তারিখ পর্যন্ত ছিল। চলমান কোভিড-১৯ মহামারীর বর্তমান বাস্তবতায় দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনার্থে এবং দেশের কোভিড-১৯ পরিস্থিতির অবনতি হওয়ায় আগামি ০১/০৭/২০২১ খ্রি: তারিখ থেকে ০১ (এক) সপ্তাহের জন্য কঠোর লক ডাউনের জন্য সরকারের উচ্চ পর্যায়ের কর্তকর্তাবৃন্দ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এরই ধারাবাহিকতায় ২০২০-২০২১ শিক্ষা বর্ষে বেসরকারী মেডিকেল কলেজ সমূহে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির সময়সীমা ২৯-০৭-২০২১ খ্রি: পর্যন্ত বর্ধিত করার জন্য বেসরকারি মেডিকেল কলেজ কর্তৃপক্ষ মৌখিক ভাবে অনুরোধ করেছেন।

এমতাবস্থায় কোভিড-১৯ মহামারীর বর্তমান বাস্তবতায় বেসরকারি মেডিকেল সমূহের সার্বিক অবস্থা বিবেচনার্থে ২০২০-২০২১ শিক্ষা বর্ষে বেসরকারী মেডিকেল কলেজ সমূহে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তির সময়সীমা ২৯-০৭-২০২১ খ্রি: তারিখ পর্যন্ত বর্ধিত করার বিষয়টি বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।

অধ্যাপক ডাঃ একেএম আহসান হাবিব

পরিচালক (চিকিৎসা শিক্ষা)

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

ফোনঃ- ০২-৪৮৮১১২০০, ২২২২৮৬৬১২

Email: medicaledu313@gmail.com

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)।
৪. অতিরিক্ত সচিব (চিঃশিঃ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন/চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. যুগ্ম সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (চিকিৎসা শিক্ষা-১/২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. ডীন, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়।
১০. রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ৮৬ বিজয় নগর, ঢাকা।
১১. অধ্যক্ষ, বেসরকারি মেডিকেল কলেজ (সকল)।
অফিস কপি।